দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 20 FEB 2018 ...
পৃষ্ঠা ... ২০ কলাম ... ১ ...

# এবার প্রাথমিক সমাপনীতে শতভাগ সৃজনশীল প্রশ্ন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ চলতি বছরের প্রাথমিক শিক্ষা সমাপনীতে শতভাগ সৃজনশীল প্রশ্নে পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। রবিবার এ বিষয়ে আদেশ জারি করে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)। আদেশে বলা হয়েছে, '২০১৮ সালের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্নপত্রের কাঠামো ও নম্বর বিভাজন জাতীয় কর্মশালার মাধ্যমে চূড়ান্ত করা হয়েছে। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক প্রতিটি বিষয়ে শতভাগ যোগ্যতাভিত্তিক বা সৃজনশীল প্রশ্ন হবে বলেও আদেশে উল্লেখ করা হয়। প্রাথমিক শিক্ষা সমাপনীতে সৃজনশীল প্রশ্নের হার গত কয়েক বছর ধরে ধাপে ধাপে বাড়াচ্ছিল

(১৯ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## এবার প্রাথমিকে

(২০-এর পৃষ্ঠার পর)

সরকার। ২০০৯ সালে শুরু হওয়া প্রাথমিক সমাপনীতে ২০১২ সালে প্রথমবারের মতো ১০ শতাংশ সৃজনশীল প্রশ্ন সংযোজন করা হয়। ২০১৩ সালে ২৫ শতাংশ, ২০১৪ সালে ৩৫ শতাংশ এবং ২০১৫ সালে ৫০ শতাংশ সৃজনশীল প্রশ্নে শিক্ষার্থীদের সমাপনী পরীক্ষা হয়। ২০১৬ সালের পরীক্ষায় প্রতি বিষয়ে ৬৫ শতাংশ প্রশ্ন সৃজনশীল ছিল, বাকি ৩৫ শতাংশ প্রশ্ন ছিল ট্রাডিশনাল। ২০১৭ সালে ৮০ শতাংশ প্রশ্ন ছিল সৃজনশীল আর বাকি ২০ শতাংশ ছিল ট্রাডিশনাল।

সৃজনশীল প্রশ্নে চিন্তা করে শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর লিখতে হয়। কিন্তু অনেক শিক্ষার্থীই দুই ঘণ্টায় পরীক্ষা শেষ করতে না পারায় ২০১৩ সালে এই পরীক্ষার সময় ৩০ মিনিট বাড়িয়ে আড়াই ঘণ্টা করা হয়। এবার থেকে প্রাথমিক সমাপনীর সবগুলো প্রশ্ন শতভাগ সৃজনশীল হলেও পরীক্ষার সময় আগের মতোই আড়াই ঘণ্টা রাখা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এম.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর